বাড়ি মেরামত করার স্ক্যামগুলির থেকে সাবধান থাকুন

ঠিকাদারদের বিষয়ে তদন্ত করুন | আশেপাশে খোঁজ-খবর নিন | একটি লিখিত চুক্তি করুন | চাপের কাছে মাথা নত করবেন না

সতর্কীকরণ চিহ্ন – এমন ঠিকাদার বা সেলসম্যানকে এড়িয়ে চলুন যিনি:

- আপনার দরজায় কড়া নেড়ে বা আপনাকে ফোনে কল করে মেরামত করার প্রস্তাব দেয়।
- আপনাকে বলে যে আপনাকে অবিলম্বে মেরামত করতে হবে।
- আপনাকে বিভ্রান্ত করার জন্য খুব দ্রুত কথা বলে এবং অবিলম্বে একটি চুক্তি স্বাক্ষর করার জন্য আপনার উপরে চাপ সৃষ্টি করে।
- আপনাকে বলে যে তারা আপনার আশেপাশে কাজ করছে এবং অন্য একটি কাজ করার পর তাদের কাছে অতিরিক্ত উপকরণ অবশিষ্ট রয়েছে।
- আপনি যদি অন্য কাউকে তাদের কাছে রেফার করেন তবে তারা আপনাকে দামের দিক থেকে ছাড় দিতে রাজি আছে, তবে কেবলমাত্র যদি আপনি আজকেই কেনেন।
- আপনাকে এমন কিছু বলে যা সত্যি হবার পক্ষে খুবই বাড়াবাড়ি রকমের ভালো বলে মনে হয়। এটা যদি সত্যি হবার পক্ষে খুবই বাড়াবাড়ি রকমের ভালো বলে মনে হয়, তাহলে সম্ভবত এটা সত্যিই তেমন!
- এটি একটি প্রতিষ্ঠিত স্থানীয় ব্যবসা নয়, তবে অন্য কোথাও থেকে "সাহায্য" করার জন্য এই এলাকায় এসেছেন।

নিজেকে সুরক্ষিত রাখতে হলে:

- NYC, নাসাউ, সাফোক, পুটন্যাম, রকল্যান্ড, ওয়েস্টচেস্টার – এ লাইসেন্সবিহীন ঠিকাদারদের এড়িয়ে চলুন - এগুলি স্টেটের এমন অঞ্চল যেখানে লাইসেন্সের প্রয়োজন। লাইসেন্সবিহীন ঠিকাদাররা ঐ সব এলাকায় অবৈধ ভাবে কাজ করছে।
- যে ঠিকাদারদের কোনো রেফারেন্স নেই বা যাদের রেফারেন্সগুলির সাথে যোগাযোগ করা যায় না তাদের এড়িয়ে চলুন।
- এমন ঠিকাদারদের এড়িয়ে চলুন যারা আপনাকে বলে যে কোনো লিখিত চুক্তি করার কোনো প্রয়োজন নেই। আইন মোতাবেকে, $500 বা তার বেশি মূল্যের সমস্ত চুক্তি অবশ্যই লিখিতভাবে হতে হবে, তবে ছোট প্রকল্পগুলির জন্যও একটি লিখিত চুক্তি করিয়ে নেওয়া ভালো।
- এমন ঠিকাদারদের এড়িয়ে চলুন যাদের কেবল একটা P.O. বক্স ঠিকানা আছে বা কেবল একটা সেল ফোন নম্বর আছে।
- যারা বীমা করানোর প্রমাণ সরবরাহ করে না এমন ঠিকাদারদের এড়িয়ে চলুন।
- এমন ঠিকাদারদের এড়িয়ে চলুন যারা *আপনাকে* প্রয়োজনীয় নির্মাণ করার অনুমোদন অর্জন করতে বলে। এর অর্থ এমন হতে পারে যে ঠিকাদারটি লাইসেন্সবিহীন বা তার খারাপ ট্র্যাক রেকর্ড রয়েছে, আর তাই স্থানীয় নির্মাণ পরিদর্শকের সাথে মোকাবেলা করতে অনিচ্ছুক।
- আপনার আপনার স্থানীয় নির্মাণ বিভাগের সাথে যাচাই করে নিন যে ঠিকাদারটি সমস্ত প্রয়োজনীয় অনুমতিগুলি অর্জন করেছেন।
- এমন ঠিকাদারদের থেকে সাবধান থাকুন যারা কাজ শুরু করার আগে উপকরণগুলি কেনার জন্য অর্থ চান। নির্ভরযোগ্য, প্রতিষ্ঠিত ঠিকাদাররা ধারে উপকরণ কিনতে পারেন।
- এমন ঠিকাদারদের এড়িয়ে চলুন কাজ শুরু হওয়ার আগে, যারা নগদে অর্থ প্রদানের দাবি করে বা আগে থেকে সম্পূর্ণ পেমেন্ট পেতে চায়। তার পরিবর্তে, এমন কোনো ঠিকাদার খুঁজুন যিনি কাজ শেষ না হওয়া পর্যন্ত প্রাথমিক ডাউন পেমেন্ট পাওয়া ও কাজ শেষ না হওয়া পর্যন্ত খেপে খেপে কাজের বিকাশ জনিত পরবর্তী পেমেন্ট পাওয়ার মতো সময়সূচীতে সম্মত হবেন।
- আপনি সর্বদা চূড়ান্ত পেমেন্ট দেওয়া ততক্ষণ পর্যন্ত বন্ধ রাখুন, যতক্ষণ পর্যন্ত না আপনি নিজে হেঁটে চূড়ান্ত যাচাইকরণ করে নিয়েছেন, সমস্ত কাজ সম্পূর্ণ হওয়া অনুমোদন করেছেন, এবং সমস্ত প্রয়োজনীয় পরিদর্শনগুলি করেছেন এবং দখল পাবার সার্টিফিকেটগুলি আপনাকে সরবরাহ করা হয়েছে।

আপনার বাড়ি মেরামত করার জন্য কোনো ঠিকাদারকে খুঁজতে এই যাচাইকরণ তালিকাটি অনুসরণ করুন

ঠিকাদারদের তথ্য যাচাই করুন:

- ☐ জিজ্ঞাসা করুন যে তারা কতদিন ধরে ব্যবসায় রয়েছে
- ☐ রেফারেন্সগুলি দিতে বলুন
- ☐ রেফারেন্সগুলি যাচাই করুন!
- ☐ অনলাইন তথ্য সংস্থানগুলি অনুসন্ধান করুন
- ☐ জিজ্ঞাসা করুন যে তারা তাদের কাজের গ্যারান্টি বা ওয়ারেন্টি দেয় কিনা

নিশ্চিত হয়ে নিন যে তারা:

- ☐ লাইসেন্স প্রাপ্ত কিনা
- ☐ লিখিত প্রতিশ্রুতি দিচ্ছে কিনা
- ☐ বীমা করিয়েছে কিনা

নিম্নলিখিতগুলি দেখাতে বলুন:

- ☐ বীমা পলিসি, বা বীমার সার্টিফিকেট

আনুমানিক হিসাবগুলি চান:

- ☐ কমপক্ষে দুটি অনুমানিক হিসাব দিতে বলুন
- ☐ খরচ, উপকরণ এবং কাজের পদ্ধতিগুলির তুলনা করুন

একটি লিখিত চুক্তি করার দাবী করুন যার মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকে:

- ☐ যেসব কাজ সম্পাদন করতে হবে তার বিস্তারিত বিবরণ
- ☐ ঠিক কী উপকরণ ব্যবহার করা হবে এবং তাদের গুণমান কেমন
- ☐ শুরুর তারিখ এবং আনুমানিক সমাপ্তির তারিখ কী
- ☐ দাম
- ☐ পেমেন্ট করার ব্যবস্থাপনাগুলি কী
- ☐ অর্থসংস্থানের চার্জসমূহ (যদি প্রযোজ্য হয়)

আপনি একটি চুক্তি স্বাক্ষর করার আগে করনীয় কাজ:

- ☐ চুক্তিটি নিজেই পড়ুন (আপনার হয়ে এটি পড়ার জন্য বিপণন কর্মীটির উপর নির্ভর করবেন না)
- ☐ আপনি চুক্তিটির সবকিছু বুঝতে পেরেছেন কিনা তা নিশ্চিত করুন

নিম্নলিখিত ধরনের কোনো চুক্তিতে স্বাক্ষর করবেন না:

- ☐ যেখানে কিছু বিশেষ তথ্য নেই বা যেখানে ফাঁকা পৃষ্ঠা আছে
- ☐ যেটা আপনি বুঝতে পারছেন না
- ☐ যেটা আপনি ঠিকাদারটির সাথে যা আলোচনা করেছেন তার থেকে আলাদা

নিম্নলিখিত নথির কপিগুলি নিজের কাছে রাখুন:

- ☐ আপনার স্বাক্ষর করা চুক্তি
- ☐ অন্যান্য সমস্ত স্বাক্ষর করা নথিগুলি
- ☐ কাজ বা উপকরণগুলির বিষয়ে গ্যারান্টি বা ওয়ারেন্টি

প্রকল্পটি সমাপ্ত হবার পর করনীয় কাজ:

- ☐ কাজটি সঠিকভাবে সম্পন্ন হয়েছে কিনা তা নিশ্চিত করতে পরিদর্শন করুন
- ☐ যতক্ষণ পর্যন্ত না আপনি সন্তুষ্ট হবার মতো করে কাজ শেষ করা হচ্ছে, ততক্ষণ পর্যন্ত চূড়ান্ত পেমেন্ট করবেন না বা সমাপ্ত হবার শংসাপত্রে স্বাক্ষর করবেন না

এমন অনেক কোম্পানি আছে যারা বিনামূল্যে পরিদর্শন করেন এবং লিখিত অনুমানিক হিসাব দেন - কোনো ঠিকাদার বেছে নেওয়ার আগে এমন দু-তিনটি ঠিকাদারকে যাচাই করে নিন। সর্বনিম্ন মূল্য দেবার চুক্তি সর্বদা সেরা চুক্তি নয়। আপনার বাড়ির জন্য কোন উপকরণ এবং পদ্ধতিগুলি সর্বোত্তম সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য বিভিন্ন কোম্পানির দ্বারা প্রস্তাবিত ব্যয়, উপকরণ এবং পদ্ধতিগুলির তুলনা করুন।

আপনি কোনো স্ক্যামের শিকার হয়ে থাকলে আপনার করনীয়

আপনি যদি মনে করেন যে আপনি কোনো স্ক্যামের শিকার হয়েছেন, তবে অবিলম্বে একজন আইনজীবীর সাথে যোগাযোগ করুন। বিক্রয় বাতিল করার এবং আইনি দাবীগুলি নিয়ে অগ্রসর হবার একটা সময়সীমা রয়েছে।

অর্থসংস্থান পরিষেবা বিভাগ, আপনার জেলার অ্যাটর্নি বা অ্যাটর্নি জেনারেলের অফিসে যোগাযোগ করুন।

যদি আপনার কোনো হোম ইমপ্রুভমেন্ট কন্ট্রাক্টর বা গৃহ উন্নয়ন ঠিকাদারের সাথে কোনো সমস্যা হয়ে থাকে এবং আপনি নিজেই যদি এটি সমাধান করতে না পারেন তাহলে আপনি নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ স্টেটের কাছে অনলাইনে www.dos.ny.gov বা 1-800-697-1220 নম্বরে কল করে অভিযোগ দায়ের করতে পারেন।

আপনার পলিসিগুলি বা দাবীগুলির সম্পর্কে নির্দিষ্ট প্রশ্নের উত্তর পেতে আপনার বীমা সংস্থা, তাদের এজেন্ট বা ব্রোকারের সাথে যোগাযোগ করুন।

যদি আপনার আরও সাহায্যের প্রয়োজন হয়, নিউ ইয়র্ক স্টেট-এর ডিপার্টমেন্ট অফ ফিনান্সিয়াল সার্ভিসেস বা অর্থসংস্থান পরিষেবা বিভাগ-এ 1-800-342-3736 নম্বরে সকাল 9 টা থেকে বিকেল 4:30 টার মধ্যে, সোমবার থেকে শুক্রবারের মধ্যে কল করুন।

বিপর্যয় সম্পর্কিত প্রশ্নগুলির জন্য DFS এর বিপর্যয় হটলাইনে 24/7 কল করুন আর ব্যাংকিং ও বীমা সংক্রান্ত সমস্যা নিয়ে এই নম্বরে কথা বলুন: **1-800-339-1759**